

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৩৭৬০

আগরতলা, ২১ নভেম্বর, ২০২৩

সমগ্র শিক্ষা অভিযানে রাজ্যভিত্তিক আন্তর্বিদ্যালয় ব্যান্ড প্রতিযোগিতা

সমগ্র শিক্ষা অভিযানে আজ রাজ্যভিত্তিক আন্তর্বিদ্যালয় ব্যান্ড প্রতিযোগিতা-২০২৩ উমাকান্ত একাডেমি স্কুল প্রাপ্তগে অনুষ্ঠিত হয়। সমগ্র শিক্ষার ত্রিপুরা রাজ্য মিশনের উদ্যোগে বিদ্যালয় স্তরে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। প্রতিযোগিতার উদ্বোধন করেন রাজ্য প্রকল্প অধিকর্তা তথা উচ্চ শিক্ষা অধিকর্তা এন সি শর্মা। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বুনিয়াদি শিক্ষা দপ্তরের অধিকর্তা সুভাশীষ বন্দোপাধ্যায়, শিক্ষা দপ্তরের যুগ্ম অধিকর্তা সজল দেবনাথ, উমাকান্ত একাডেমির অধ্যক্ষ রাজেশ দেববর্মা, উমাকান্ত একাডেমি ইংলিশ মিডিয়ামের অধ্যক্ষ রামকৃষ্ণ ভট্টাচার্য প্রমুখ।

ব্যান্ড প্রতিযোগিতায় রাজ্যের বিভিন্ন বিদ্যালয় থেকে ছাত্রদের ৩টি ও ছাত্রীদের ২টি দল অংশ গ্রহণ করে। ছাত্রদের বিভাগে প্রথম হয়েছে মোহরপাড়ার নোট্টে ডামে হোলিক্রস এইচ এস স্কুল, দ্বিতীয় হয়েছে প্রণবানন্দ বিদ্যামন্দির, তৃতীয় হয়েছে ওএনজিসি'র কেন্দ্রীয় বিদ্যালয়। ছাত্রীদের বিভাগে প্রথম হয়েছে পাথালিয়া ঘাটের সেন্ট জেভিয়ার্স এইচ এস স্কুল, দ্বিতীয় হয়েছে মোহরপাড়ার নোট্টে ডামে হোলিক্রস এইচ এস স্কুল। অনুষ্ঠানে উপস্থিত অতিথিগণ বিজয়ীদের হাতে ট্রফি, মেডেল ও অভিজ্ঞানপত্র তুলে দেন। ছাত্র ও ছাত্রীদের বিভাগে প্রথম স্থানাধিকারী দল জোনাল লেভেলে রাজ্যের প্রতিনিধিত্ব করবে। সমগ্র শিক্ষা অভিযান ত্রিপুরা রাজ্য মিশনের পক্ষ থেকে আজ এই সংবাদ জানানো হয়েছে।
